# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪: সত্যবাদিতার গুরুত্ব

(4) ـ باب الصدق.

আরবী

الثالث: عن أبي سفيان صخر بن حرب ، رضي الله عنه، في حديثه الطويل في قصة هرقل، قال هرقل: فماذا يأمركم ـيعنى النبي صلى الله عليه وسلمـ قال أبو سفيان: قلت :يقول : " اعبدوا الله وحده لا تشركوا به شيئاً، واتركوا ما يقول آباؤكم ، ويأمرنا بالصلاة، والصدق، والعفاف، والصلة" (متفق عليه) .

বাংলা

৩/৫৭। আবূ সুফিয়ান সাখর ইবনু হারব রাদিয়াল্লাহু ’আনহু ঐ দীর্ঘ হাদীস বর্ণনা করেন যাতে (রোমের বাদশাহ) হিরাক্লিয়াসের ঘটনা বর্ণনা করা হয়েছে। হিরাক্লিয়াস আবূ সুফিয়ানকে জিজ্ঞাসা করলেন (তখন তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেননি) ’তিনি---অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম---তোমাদেরকে কোন্ কাজের আদেশ করছেন?’ আবূ সুফিয়ান বলেন, আমি বললাম, ’তিনি বলছেন যে, ’’তোমরা মাত্র এক আল্লাহর উপাসনা কর, তাঁর সাথে কাউকে অংশীদার করো না এবং ঐসব কথা পরিহার কর, যা তোমাদের বাপ-দাদারা বলত (এবং করত)।’’ আর তিনি আমাদেরকে নামায পড়া, সত্য কথা বলা, চারিত্রিক পবিত্রতা রক্ষা করা এবং আত্মীয়তার বন্ধন অটুট রাখার আদেশ দেন।’[1]

## English

(4) Chapter: Truthfulness

Abu Sufyan (May Allah be pleased with him) reported, in course of his detailed narration about Heraclius when the latter questioned him about the teachings of the Prophet (ﷺ) He said that:

He (ﷺ) told (us): "Worship Allah Alone and do not associate a thing with Him; and give up all that your ancestors said. "He also commands us to perform Salat (prayers), to speak the truth, to observe modesty and to strengthen the ties of kinship.

[Al-Bukhari and Muslim].

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭, ৫১, ২৬৮১, ২৮০৪, ২৯৩৬, ২৯৪১, ৩১৭৪, ৪৫৯৩, মুসলিম ১৭৭৩, তিরমিযী ২৭১৭, আবূ দাউদ ৫১৩৬, আহমাদ ২৩৬৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22360

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন